

**খাগড়াছড়ি কলেজে  
শিক্ষকের অভাব**

খাগড়াছড়ি সংবাদদাতা ॥  
জেলা সদরে প্রতিষ্ঠিত একমাত্র  
সর্বোচ্চ বিদ্যাপীঠ খাগড়াছড়ি  
সরকারী কলেজে অন্তহীন সমস্যা  
বিরাজ করায় শিক্ষা ব্যবস্থা  
অনেকটা ভাঙিয়া পড়িয়াছে।  
ফলে এই কলেজে অব্যায়নরত  
প্রতিভাবান ও দরিদ্র ছাত্র-ছাত্রী-  
(৭ম পৃঃ দ্রঃ)

**খাগড়াছড়ি কলেজে  
(৩য় পৃঃ পর)**

দের মনে উচ্চতর শিক্ষার ভবিষ্যৎ  
নিয়া চরম হতাশা বিরাজ করি-  
তেছে। ১৯৭৪ সনে স্থাপিত এই  
কলেজকে ১৯৮০ সনে সরকারী-  
করণ করা হইলেও বিদ্যমান  
সমস্যার নিরসন হয় নাই। সর-  
কারীকরণের পর হইতে যে  
সকল পদ সৃষ্টি করা হইয়াছে  
যাহাতে হাতেগোনা কয়েকটি পদ  
ছাড়া বেশীর ভাগ পদই শূন্য।  
অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ ৪৯ জন  
শিক্ষকের মধ্যে বর্তমানে কর্মরত  
আছেন মাত্র ২৮ জন শিক্ষক।  
৯ জন সহযোগী অধ্যাপক ও ২২  
জন প্রভাষকের স্থলে কর্মরত  
আছেন যথাক্রমে ৩ জন ও ৯  
জন। দর্শন, ইংরেজী, সমাজতত্ত্ব,  
হিসাব বিজ্ঞান ও গণিত বিভাগে  
শিক্ষক আছে মাত্র একজন করিয়া  
ফলে একজন শিক্ষকের পক্ষে  
একইসঙ্গে উচ্চ মাধ্যমিক ও  
স্নাতক শ্রেণীর ক্লাস আদায়ে  
হিমসিম খহিতে হয়।

ইহাছাড়াও কোন সময় এই  
সব বিভাগের শিক্ষকরা অমুস্থ  
হইয়া পড়িলে অথবা ব্যক্তিগত  
कारणे ছুটিতে গেলে ঐসব বিভা-  
গের ক্লাস আদায়ও আর হয় না।  
কলেজে শিক্ষক সমস্যার পাশা-  
পাশি আবাসিক সমস্যাও প্রকট।  
বহু শিক্ষক আবাসিক সমস্যার  
কারনে যোগদান করিতে না  
করিতেই উচ্চপর্ব্বারে তদরী  
করিয়া বদলি হইয়া যায়। পোষ্টি-  
এর পর কর্মস্থলে ন্যূনপক্ষে ২  
বছর চাকরীর বিধান থাকিলেও  
এখানে এই নিয়ম সম্পূর্ণ ব্যতি-  
ক্রম। কলেজের শ্রেণীকক্ষে ছাত্র-  
ছাত্রীদের বসার জন্য আসবাবপত্র  
সংকট ও শ্রেণীকক্ষের পরিষ্কার  
কর্মে ইওয়ার গঠনান ব্যবস্থা  
ব্যাহত হইতেছে। ক্রীড়া সংস্কৃ-  
তির চর্চা নাই বলিলেই চলে।  
কলেজের চারিপাশে সীমানা  
প্রাচীর না থাকায় কলেজ প্রাঙ্গণে  
অবাধে বহিরাগতদের আনাগোনা  
ও গরু-ছাগলের বিচরণ লক্ষ-  
ণীয়। উদ্যোগ ও পরিকল্পনার  
অভাবে কলেজের জন্য এখনও  
একটি খেলার মাঠ তৈরী করা  
হয় নাই। কলেজের প্রবেশ  
কটকে অবৈধ দোকান-পাট, রিক্সা  
গ্যারেজ ও দিক্কা পাকিং করার  
কারনে কলেজের সৌন্দর্য ও  
সুস্থ পরিবেশ এখন অনুপস্থিত।  
ছাত্র-ছাত্রীদের কমনরুমে বিনো-  
দনের সুযোগ-সুবিধা সীমিত।  
পানীয় জলের অভাবও তীব্র।  
লাইব্রেরীয়ানের অভাবে লাইব্রেরী  
সুবিধা হইতে সকলেই কমবেশী  
রক্ষিত। কলেজ প্রাঙ্গণে একটি  
অডিটোরিয়াম তৈরী করা দর-  
কার। কলেজে একজন বাস  
চালক নিয়োগ ও জালানি খরচ  
সংস্থানের অভাবে রাষ্ট্রপতির অনু-  
দানপ্রাপ্তি বাসটি অকেজো হইয়া  
গিয়াছে। বিজ্ঞান শাখায় পর্যাপ্ত  
শিক্ষকের অভাবে বিএসসি কোর্স  
এখনও চালু হয় নাই।